সংবাদ

তারিখ ..11 OCT 2016...
পৃষ্ঠা ...৯... কলাম ...৬......

মেডিকেলে ভর্তি পরীক্ষা

# উত্তীর্ণ ২৯ হাজার ১৮৩ শিক্ষার্থী

নিজস্ব বার্তা পরিবেশক

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের মেডিকেল কলেজে (এমবিবিএস) ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। পরীক্ষার চার দিনের মাথায় গতকাল বিকেলে এই ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়। যেখানে ন্যূনতম ৪০ পেয়ে উত্তীর্ণ হয়েছেন ২৯ হাজার ১৮৩ জন শিক্ষার্থী। স্বাস্থ্য অধিদফতরের চিকিৎসা শিক্ষার পরিচালক অধ্যাপক ডা. মো. আবদুর রশীদ জানান; পরীক্ষার্থীরা মোবাইল থেকে এসএমএস করে ফল জানা শুরু করেছে। ফল স্বাস্থ্য অধিদফতরের ওয়েবসাইটেও ïïï.ফমযং.মড়া.নফ প্রকাশ করা হয়েছে। স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক মো. আবুল কালাম আজাদ জানান, পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ পেয়ে ২৯ হাজার ১৮৩ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। এবারের পরীক্ষায় সর্বোচ্চ ৮৫ দশমিক ৫ নম্বর পেয়েছে এক শিক্ষার্থী। প্রাপ্ত নম্বর এবং এসএসসি ও এইচএসসির জিপিএর ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হয়েছে।

৭ অক্টোবর সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ঢাকাসহ সারাদেশের ১৮টি সরকারি মেডিকেল কলেজ কেন্দ্রের ৩৭টি ভেন্যুতে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ বছর এমবিবিএস-এর জন্য আসন সংখ্যা সরকারি কলেজে তিন হাজার ২১২ ও বেসরকারি কলেজে ছয় হাজার ২০৫। ৯০ হাজার ৪২৬ জন আবেদন করলেও পরীক্ষায় অংশ নেয় ৮৫ হাজার ২০৭ জন।

এ বছর ৩০টি সরকারি মেডিকেল কলেজে ৩ হাজার ২১২ এবং বেসরকারি ৬৪টি কলেজে ৬ হাজার ২০৫ জন ভর্তির সুযোগ পাবে। এমবিবিএস ১ম বর্ষে ভর্তির প্রক্রিয়া ২০ অক্টোবর থেকে শুরু হয়ে ৩১ অক্টোবর পর্যন্ত চলবে। গত বছর ২৯টি সরকারি মেডিকেল কলেজে ৩ হাজার ১৬২ এবং বেসরকারি ৬৪টি কলেজে ৫ হাজার ৩২৫টি আসন ছিল। এছাড়া বিডিএস কোর্সে দেশের সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজে ৪ নভেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।